# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www. rajshahieducationboard.gov.bd**

রাজশাহী শিক্ষা বোর্ড

## জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ১১৩৯/জে.এস.সি(নিবঃ)/ বি.প তারিখ: ১৭/১২/২০২৫ইং

**বিষয় ঃ ২০২৪ সালের ৮ম শ্রেণির মুদ্রিত রেজিস্ট্রেশন কার্ড সংশোধন প্রসঙ্গে।**

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষ এবং ৮ম শ্রেণির পাঠদানের অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের প্রিন্টকৃত রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা আগামী **১৮/১২/২০২৫ ইং তারিখ হতে ৩০/০১/২০২৬ ইং** পর্যন্ত অনলাইনে সংশোধন করা যাবে। ছাত্র/ছাত্রী প্রতি সংশোধন ফি-১৯৫/- টাকা । যদি শুধুমাত্র জন্ম নিবন্ধন নম্বর সংশোধন করতে হয় সে ক্ষেত্রে ফি -৫০/- টাকা সোনালী সেবার মাধ্যমে জমাদানপূর্বক সংশোধন করা যাবে। সংশোধন সংক্রান্ত বিশেষ নির্দেশিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে দেওয়া আছে। উক্ত নির্দেশিকা অনুসরণপূর্বক অনলাইনের মাধ্যমে সংশোধন করতে হবে এবং এখন পর্যন্ত যাদের ২০২৪ সালে ৮ম শ্রেণীতে রেজিস্ট্রেশন হয়নি বা বাদ পড়েছে তাদের সকল তথ্য অনলাইনে এন্ট্রি করতে হবে ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা করে, অনলাইনের হার্ড কপি ও সোনালী সেবা রশিদসহ সকল তথ্যাদি জেএসসি নিবন্ধন শাখা কক্ষ নং- **১১২১** এ জমা দিতে হবে। **বিশেষ চাহিদা সম্পন্ন** কোন শিক্ষার্থীর ছবি সংশোধন/পরিবর্তন করতে হলে,সরাসরি উক্ত শিক্ষার্থীর ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের কপিসহ সোনালী সেবার মাধ্যমে নির্দিষ্ট ফি প্রদান পূর্বক রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের বয়স অনলাইনে এন্টি করা সম্ভব না হলে সেক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর থেকে তার বিশেষ প্রতিবন্ধি কার্ডের কপিসহ বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করে সকল কাগজ পত্র নিবন্ধন শাখায় জমা করতে হবে। পূর্বে যে সকল আবেদন শাখায় জমা দেওয়া হয়েছে সেগুলো অনলাইনে এন্ট্রি করে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৭/১২/২৫

(মোঃ শামীম হাসান )
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮-৮৮৫৫৭৬৮ (অফিস)

১৭/১২/২৫

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www. rajshahieducationboard.gov.bd

## রেজিস্ট্রেশন কার্ড (Online) প্রিন্ট ও সংশোধনের জন্য বিশেষ নির্দেশিকাঃ

রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করার জন্য প্রথেমে Google chorme Browser থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর ওয়েবসাইট (**www.rajshahieducationboard.gov.bd**)-এ প্রবেশ করে নিম্নরুপে কাজ করুন।

১। **শিক্ষা প্রতিষ্ঠানের করনীয়ঃ** শিক্ষা বোর্ডের ওয়েব পেজের ডান দিকে অভ্যন্তরীন সেবাসমূহ হতে **"প্রতিষ্ঠান লগইন"** ক্লিক করুন। অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করুন। **sign in** হলে রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট ও সংশোধন করা যাবে অথবা সেবা বক্স থেকে "নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" এর ঘরে **"রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট প্রতিষ্ঠানের জন্য"** এ ক্লিক করুন অতপর প্রতিষ্ঠানের EIIN ও প্রথম password ব্যবহার করে **sign in** করুন। এর পর Registration card এ ক্লিক করলে নিম্নরুপে ২টি মেনু দেখাবেঃ

- **Registration card** (For single student)
- **Registration card print** (For all student)

উল্লেখিত মেনু হতে Registration card print এ ক্লিক করুন। এর পর Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। Registration card Download মেনুতে শিক্ষার্থীর তথ্য পর্যায়ক্রমে ১০০ করে ডাউনলোডের পদ্ধতি দেখাবে।

**শিক্ষার্থীর জন্যঃ** "নিয়মিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র" সেবা বক্সে ঘরে **"রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট শিক্ষার্থীর জন্য"** এর উপর ক্লিক করুন। এর পর Exam name, Exam Year ও রেজিস্ট্রেশন নম্বর লিখে Find ক্লিক করুন, এখানে শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্ড দেখতে পাবে এবং প্রিন্ট করতে পারবে। এই প্রিন্ট কপি কখনো কোথাও ব্যবহার করতে পারবে না, তবে সংশোধনের জন্য আবেদন করে থাকলে তা আপডেট হয়েছে কিনা তা যাচাই করতে পারবে।

২. **রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট কাগজঃ** রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করার জন্য A4 অথবা Letter Size অপ হোয়াইট/ক্রীম রং কাগজ ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠান সকল রেজিস্ট্রেশন কার্ড প্রিন্ট করার পর শিক্ষার্থীদের স্বাক্ষর ও প্রতিষ্ঠানের (২ ইঞ্চি ব্যাস) এর গোল সীলসহ প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সম্পন্ন করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করুন। উল্লেখ, এই সরবরাহকৃত কার্ডের রেজিস্ট্রেশন নম্বর জেএসসি/৮ম/নবম/এসএসসি/একাদশ/এইচএসসি শ্রেণিতে বলবৎ থাকবে।

৩. **সংশোধন (ক)** প্রতিষ্ঠান-এ শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে শিক্ষার্থীর নিজ নাম/ পিতার নাম/ মাতার নাম/ ধর্ম/ জেন্ডার/ ভার্সন/ শাখা/ শিফট/ শ্রেণী রোল/ বিষয়/ বয়স/ জন্ম নিবন্ধন নম্বর/ ডিজাবিলিটি ইত্যাদি জন্ম নিবন্ধন অনুযায়ী বয়স সংশোধন করা যাবে। এক বা একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করে এক সঙ্গে টাকা জমার স্লিপ তৈরী করতে পারবে। **রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের ক্ষেত্রে প্রিন্টের ন্যায় একই নিয়মে প্রবেশ করুন।** অতপর **Correction Probable list** এ ক্লিক করে Exam name, Exam Year select করে Submit করে Ok করুন। এর পর শিক্ষার্থীর Probable list দেখতে পাবে। এখান থেকে যে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে চান তার ডান পাশে Yes select করুন। এইভাবে একাধিক শিক্ষার্থীকে Yes select করা যাবে। এর পর এডিট করার জন্য Correction list এ ক্লিক করুন। এখান থেকে Choose one Type মেনু থেকে Probable list এ ক্লিক করে শিক্ষার্থীর তালিকা দেখাবে এবং প্রয়োজনীয় সংশোধন পূর্বক Submit এ ক্লিক করলে Temporary list-এ চলে যাবে। ভুলবশত কোন শিক্ষার্থী Yes হয়ে গেলে তা পূর্বের অবস্থায় আনার জন্য পুনরায় Correction list এ ক্লিক করুন। Choose one Type মেনু থেকে Temporary list-এ ক্লিক করলে তালিকা দেখাবে এবং এখানে ভুলবশত Yes করা শিক্ষার্থীকে Del করে দিতে হবে। Temporary list ভালমত যাচাই করে Reg. Correction Confirm এ ক্লিক করার পর সোনালী সেবা তৈরী করতে হবে। সোনালী সেবা তৈরী করে Payment complete হলে Final list পাওয়া যাবে এবং প্রিন্ট করতে পারবে। এভাবে একাধিক শিক্ষার্থীর তথ্য সংশোধন করা যাবে। উল্লেখ, Confirm-এ ক্লিক করলে, Payment complete না হওয়া পর্যন্ত কোন অবস্থায় নতুনভাবে Yes/সংশোধন করা যাবে না। সোনালী সেবা তৈরী ও প্রিন্ট করে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখা হতে ফি প্রদান করুন। এভাবে একাধিকবার ফি প্রদান পূর্বক রেজিস্ট্রেশন কার্ড নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন করা যাবে। সাত দিনের মধ্যে Payment Complete না হলে সোনালী সেবা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। পরবর্তীতে নতুনভাবে সংশোধন করে সোনালী সেবা তৈরী করতে হবে।

**(খ) ছবি ও বিশেষ চাহিদা সম্পন্নঃ** কোন শিক্ষার্থীর ছবি সংশোধন/পরিবর্তন করতে চাইলে, সরাসরি উক্ত শিক্ষার্থীর ছবি ও রেজিস্ট্রেশন কার্ডের কপিসহ সোনালী সেবার মাধ্যমে নির্দিষ্ট ফি প্রদান পূর্বক রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর** বয়স সংশোধন অনলাইনে করা সম্ভব না হলে, সেক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তর থেকে তার প্রাপ্ত কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের কপিসহ রাজশাহী শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে বিদ্যালয় পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

**(গ) বাদ পড়া শিক্ষার্থীর তথ্যঃ** অনলাইনে এন্ট্রি করে Send করা যাবে এবং সোনালী সেবাসহ এর কপি বোর্ডের নিবন্ধন শাখায় জমাদিতে হবে।

স্বাঃ/-
সিনিয়র সিস্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্বাঃ/-
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী